

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ১১২০

আগরতলা, ১৪ আগষ্ট, ২০১৯

## রক্তদানের মাধ্যমে স্বচ্ছ মানসিকতার বিকাশ ঘটে : মুখ্যমন্ত্রী

রাজ্যে মহিলা সংক্রান্ত অপরাধ রোধে ক্লাবগুলিকেও সক্রিয় ভূমিকা নেওয়ার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। পাশাপাশি পণপ্রথা ও গার্হস্থ্য হিংসা রোধে সচেতনতামূলক কর্মসূচিও ক্লাবগুলিকে গ্রহণ করতে হবে। আজ টাউন প্রতাপগড়ের একতা ক্লাবে ৭৩তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আয়োজিত স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব এই আহ্বান জানান। মুখ্যমন্ত্রী বলেন, রক্তদান মহৎ দান, এর চাইতে বড় আর কোন দান হতে পারেনা। রক্তদানের মাধ্যমে মানুষের মধ্যে স্বচ্ছ মানসিকতার বিকাশ ঘটে। যা রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সহায়ক হবে। মানুষের মধ্যে স্বচ্ছ মানসিকতা থাকলে বিভিন্ন সমস্যাও সহজে সমাধান করা যায়। স্বেচ্ছা রক্তদানে দেশের মধ্যে ত্রিপুরার একটা বিশেষ সুনাম রয়েছে। রক্তদানের এই ধারাবাহিকতা বজায় রাখতে ক্লাব ও বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে উদ্বুদ্ধ করে তোলার উপরও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেছেন।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার জনকল্যাণে বিভিন্ন সিদ্ধান্ত গ্রহণ করে কাজ করছে। রাজ্যের বেকারদের কর্মসংস্থানের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে ইতিমধ্যে অনেকেই স্বরোজগারী হয়েছেন। পাশাপাশি স্বচ্ছ নিয়োগ প্রক্রিয়ার মাধ্যমে সরকারী চাকুরিও প্রদান করা হচ্ছে। বর্তমানে রাজ্যে কোনো কাজের জন্যই মিছিল মিটিং করতে হয় না। বিগত সরকারের আমলে দেখা গেছে কাজের চেয়ে মানুষকে মিছিল মিটিং-এ বেশী ব্যস্ত রাখা হতো। তিনি বলেন, রাজ্যের নতুন সরকার গঠন হওয়ার পর প্রথম থেকেই ত্রিপুরাকে নেশামুক্ত ও নারী নির্যাতনমুক্ত রাজ্য হিসাবে গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে। পাশাপাশি মহিলাদের সমাজে সুরক্ষা প্রদানের লক্ষ্যে রাজ্য সরকার কাজ করছে। মহিলা সংক্রান্ত অপরাধ ও ছিনতাইবাজদের শাস্তি প্রদানের লক্ষ্যে কঠোর আইন প্রণয়ন করা হয়েছে। রাজ্যের প্রতিটি এলাকায় অসামাজিক কাজে যুক্ত ব্যক্তিদের চিহ্নিত করে সচেতনতামূলক কর্মসূচির মাধ্যমে তাদের মানসিকতার পরিবর্তন করতে ক্লাবগুলিকে দায়িত্ব নেওয়ার আহ্বান জানান মুখ্যমন্ত্রী।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন একতা ক্লাবের সম্পাদক অমিয় সাহা ও ক্লাবের সভাপতি রতন লাল সাহা। রাখিবন্ধন উৎসব উপলক্ষ্যে অনুষ্ঠানমঞ্চে এলাকার ছোট ছোট শিশু ও মহিলাগণ মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের হাতে রাখি পরিয়ে দেন। আজকের এই রক্তদান শিবিরে মোট ২০জন রক্তদাতা স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*